



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস রিলিজ

বঙ্গবন্ধু বাংলাদেশকে সোনার বাংলায় পরিণত করতে চেয়েছিলেন

-উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১২ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ

বাংলাদেশ অফুরন্ত সম্ভাবনার দেশ। প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ বাংলাদেশ। সুজলা-সুফলা এ বাংলাদেশকে সোনার বাংলায় পরিণত করতে আমৃত্যু কাজ করে গেছেন বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তিনি জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় ভূমি ব্যবস্থাপনা, পরিবেশের ভারসাম্য রক্ষা, বিশুদ্ধ পানি এবং অব্যবহৃত জমিকে চাষাবাদের আওতায় আনায়নে কর্মপরিকল্পনা গ্রহণ করেছিলেন। তাঁর উদ্দেশ্য ছিল বাংলাদেশকে সোনার বাংলায় পরিণত করা। আর সেই সোনার বাংলা প্রতিষ্ঠায় নিরলস ভাবে কাজ করে যাচ্ছেন বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বরিশাল বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের আয়োজনে "পরিবেশ ভাবনায় বঙ্গবন্ধু" শীর্ষক ভার্চুয়াল আলোচনা সভায় কথাগুলো বলেন অনুষ্ঠানের প্রধান অতিথি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এ. কিউ. এম. মাহবুব। ১২ই সেপ্টেম্বর ২০২১ তারিখ সন্ধ্যা ৭:৩০ মিনিটে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবর্ষ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত ধারাবাহিক কর্মসূচীর অংশ হিসেবে উক্ত ভার্চুয়াল সভাটি অনুষ্ঠিত হয়। জুম প্রাটফর্মে অনুষ্ঠিত এ সভায় সভাপতিত্ব করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। সভায় প্রধান আলোচক ছিলেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোঃ দিদার-উল-আলম। এসময় স্বাগত বক্তব্য রাখেন মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. মনোয়ারা বেগম। শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখেন ইসরাত জাহান ঐশী। মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের প্রভাষক কাজী মোঃ জাহাঙ্গীর কবির এর সঞ্চালনায় ভার্চুয়াল সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীগণ সংযুক্ত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)
জনসংযোগ অফিস